



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস রিলিজ

তারিখ: ২৫.০৫.২০১৭ খ্রি:

বরিশাল ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির আয়োজনে সংসদীয় পদ্ধতিতে ইংরেজি বিতর্কের কর্মশালা অনুষ্ঠিত

বরিশাল ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি (বিইউডিএস) এর আয়োজনে অদ্য ২৫ মে ২০১৭ তারিখ মধ্যাহ্নে বিশ্ববিদ্যালয়ের কীর্তনখোলা হলে প্রথমবারের মত সংসদীয় পদ্ধতিতে ইংরেজি বিতর্ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। বরিশাল ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির চিফ মডারেটর ইংরেজি বিভাগের চেয়ারম্যান তানভীর কায়ছারের সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ববির উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক। বিশেষ অতিথি ছিলেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো: মুহসিন উদ্দীন, জীববিজ্ঞান অনুষদের ডিন ড. মো. হাসিনুর রহমান, বিইউডিএস এর মডারেটর ম্যানেজমেন্ট স্টডিজ বিভাগের চেয়ারম্যান মো. সাখাওয়াত হোসেন, বিইউডিএস এর মডারেটর ম্যানেজমেন্ট স্টডিজ বিভাগের প্রভাষক সুনীতি দেবী মন্ডল। বিতর্ক কর্মশালায় অন্যান্যদের মধ্যে আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, ছাত্র উপদেষ্টা, শিক্ষকমন্ডলী, বিইউডিএস এর প্রেসিডেন্ট নাজমুল হুদা, ডিবেটিং সোসাইটির সদস্যবৃন্দ এবং শিক্ষার্থীরা।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)
জনসংযোগ অফিস